দৈনিক
ইত্তেফাক

তারিখ 1 JUN 2003
পৃষ্ঠা ২ কলাম ৪

# যুক্তরাষ্ট্রে বাংলাকে দ্বিতীয় ভাষা হিসাবে ঘোষণার জন্য বিল উত্থাপনের উদ্যোগ

ইত্তেফাক রিপোর্ট ॥ মার্কিন যুক্তরাষ্ট্রে বাংলাকে সরকারীভাবে দ্বিতীয় ভাষা হিসাবে ঘোষণার জন্য, মার্কিন কংগ্রেসে একটি বিল উত্থাপন করবেন একজন মার্কিন কংগ্রেসম্যান।

(২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## যুক্তরাষ্ট্রে বাংলাকে

(প্রথম পৃঃ পর)

যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কংগ্রেসম্যান ওয়েক্সলার শিগগির কংগ্রেসে এ সংক্রান্ত একটি বিল উত্থাপন করবেন বলে জানিয়েছেন। ফ্লোরিডার বোকারেটনে অনুষ্ঠিতব্য ৮ম উত্তর আমেরিকা বাংলা সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন উপলক্ষে প্রদত্ত এক বাণীতে কংগ্রেসম্যান ওয়েক্সলার এ ঘোষণা দেন। ঢাকায় প্রাপ্ত খবরে গতকাল শনিবার এ তথ্য জানা যায়। বিলটি পাস হলে আমেরিকার যেকোন স্কুলে ছাত্র-ছাত্রীরা তাদের দ্বিতীয় ভাষা হিসাবে বাংলাকে গ্রহণ করতে পারবে। এদিকে ৮ম উত্তর আমেরিকা বাংলা সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের প্রতি সম্মান প্রদর্শনের জন্য গত ১লা মে যুক্তরাষ্ট্র ক্যাপিটাল হিলে সিনেটর গ্রাহামের অনুরোধে আনুষ্ঠানিকভাবে একটি মার্কিন পতাকা উত্তোলন করা হয়। পতাকাটি ইতিমধ্যে একটি আনুষ্ঠানিক চিঠিসহ সাহিত্য সম্মেলনের আহবায়ক আতিকুর রহমানের কাছে পাঠানো হয়েছে।

উল্লেখ্য, মার্কিন যুক্তরাষ্ট্রের স্কুলগুলোতে দ্বিতীয় ভাষা হিসাবে বেশ কয়েকটি ভাষা প্রচলিত আছে। সেগুলোর মধ্যে স্প্যানিশ ও ফরাসী উল্লেখযোগ্য।